দৈনিক ইত্তেফাক

তারিখ 17 DEC 2015
পৃঃ ১৬ কলাম ২

# সুজানগরে স্কুল ভবন পরিত্যক্ত হওয়ায় মাঠে পরীক্ষা

■ সুজানগর (পাবনা) সংবাদদাতা

উপজেলার হেমরাজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একমাত্র ভবন পরিত্যক্ত ঘোষণা করায় চলতি বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে খোলা মাঠে। পৌষের প্রচণ্ড শীত আর কুয়াশাকে উপেক্ষা করে কোমলমতি শিশু-কিশোরদের ওই জায়গায় পরীক্ষা দিতে হচ্ছে।

খোঁজ নিয়ে জানা যায়, নতুন করে জাতীয়করণ হওয়া ওই বিদ্যালয়টি ১৯৭২ সালে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠা লগ্নে টিনের ঘরে শিক্ষার্থীদের পাঠদান করা হলেও ১৯৯৩ সালে ওই ভবনটি নির্মাণ করা হয়। স্থানীয় বাসিন্দারা জানায়, ভবনটি নির্মাণকালে অতি নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার করা হয়। ফলে চার কক্ষের ওই ভবন নির্মাণের কয়েক বছরের মধ্যেই ফাটল দেখা যায়। এছাড়া বিভিন্ন জায়গা থেকে প্লাস্টার খসে রড বের হয়ে যায়। এতে সামান্য বৃষ্টি হলেই ভবনের ছাদ থেকে পানি চুইয়ে পড়ে। দীর্ঘদিন ঝুঁকিপূর্ণ ওই ভবনেই বিদ্যালয়ের আড়াইশ শিক্ষার্থীর পাঠদান চলছিল। কিন্তু সম্প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সরেজমিন পরিদর্শন করে বিদ্যালয় ভবন পরিত্যক্ত ঘোষণা করে। এর পর থেকে বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠদানের পাশাপাশি চলতি বার্ষিক পরীক্ষাও খোলা মাঠে অনুষ্ঠিত হচ্ছে।

এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার সৈয়দা নার্গিস আক্তারের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, পরিত্যক্ত ওই ভবনের বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। বরাদ্দ পেলে দ্রুত ভবন নির্মাণের ব্যবস্থা নেয়া হবে।